“দুটি সন্তানের বেশি নয়, একটি হলে ভাল হয়”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ ডাক বিভাগ

সর্বসাধারণের জ্ঞাতার্থে নোটিশ

নথি নং- সঞ্চয়/এফ-৩৭/৭২-৭৩/লুজ (পার্ট-২)/পত্রালাপ তারিখঃ ২৫/০৭/২০১০খ্রিঃ

বিষয়ঃ সঞ্চয় ব্যাংক ও সঞ্চয়পত্রের বর্তমানে চালু আইন কানুন সংক্রান্ত।

সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে সরকার Sanchayapatra Rules, 1977 (Fist Amendment 2002); পেনশনার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৪; The Wage Earner Development Bond Rules, 1981; The Post Office Savings Bank Rules; ৩ বৎসর মেয়াদী জাতীয় বিনিয়োগ বন্ড বিধিমালা, ১৯৯২; The U.S Dollar Premium Bond Rules, 2002 এবং The U.S Dollar Investment Bond Rules, 2002 সংশোধন করেছে।

উক্ত সংশোধনের ফলে ৫ বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয় পত্র এবং ৩ মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয় পত্র স্কীমে নিম্নরুপ পরিবর্তন হয়েছে ঃ-

ক) ৫ বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয় পত্র এবং ৩ মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয় পত্র স্কীমে একক নামে ৩০,০০,০০০/- (টাকা ত্রিশ লক্ষ) এবং যৌথ নামে ৬০,০০,০০০/- (টাকা ষাট লক্ষ) টাকা বিনিয়োগ করা যাবে।

খ) মেয়াদ পূর্তির পর সঞ্চয়পত্র ভাঙ্গিয়ে নিতে হবে। সঞ্চয় পত্র পুনঃ বিনিয়োগ বলে বিবেচিত হবে না।

গ) ১লা জুলাই ২০১০ইং হতে প্রত্যেক মূল্যমানের ৫ বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয় পত্র এবং ৩ মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয় পত্র স্কীমের মুনাফা নিম্নরূপ প্রাপ্য হবে ঃ-

মেয়াদ (মেয়াদ পূর্তিতে)	৫ বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয় পত্র	৩ মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয় পত্র
১ম	৭.৫০%	৮.০০%
২য়	৮.২৫%	৯.০০%
৩য়	৯.০০%	১০.০০%
৪র্থ	৯.৭৫%	----
৫ম	১০.৫০%	-----

ঘ) ১লা জুলাই পূর্বে ক্রয়কৃত সঞ্চয় পত্রে মুনাফা ক্রয়কালীন সময়ে প্রযোজ্য হারে প্রাপ্য হবে।

ঙ) ৩ মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয় পত্র সর্বোচ্চ মুনাফা ১০%, এক লক্ষ টাকায় ৩ মাস অন্তর ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা (১০%) উৎস কর কর্তন পূর্বক পরিশোধ করতে হবে। মেয়াদ পূর্তির পূর্বে ভাঙ্গালে অতিরিক্ত প্রদানকৃত মুনাফা মূল টাকা (প্রিন্সিপাল এমাউন্ট) হতে কর্তন করে এডজাস্ট করতে হবে।

চ) উভয় প্রকার সঞ্চয় পত্র ক্রয়ের সময় ক্রেতাকে অবশ্যই তার/তাদের জাতীয় পরিচয় পত্র দেখাতে হবে এবং সঞ্চয়পত্র ক্রয় ফর্মে ন্যাশনাল আইডি কার্ডের নম্বর এন্টি করা বাধ্যতা মূলক ।

ছ) অনুমোদিত সুপার এ্যানুয়েশন ফান্ড, প্রভিডেন্ড ফান্ড বা পেনশন ফান্ড কর্তৃক ক্রয়কৃত সঞ্চয়পত্র ব্যতিত অন্যান্য ক্ষেত্রে ৫ বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয় পত্র এবং ৩ মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয় পত্রের মুনাফা হতে ১০% হারে উৎস কর কর্তন করতে হবে। এ বিধান ০১/০৭/২০১০ বা তৎপরবর্তীতে সুদ/মুনাফা প্রদানের ক্ষেত্রে কার্যকর হবে।

২। পেনশনার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৪

১) মুনাফার হারঃ ১১.০০% মেয়াদান্তে

নগদায়নের সময়	প্রদেয় মুনাফার হার	মন্তব্য
১ম বছর অন্তে	৮.০০%	পূর্ণ মেয়াদের জন্য প্রতি তিন মাসে প্রতি ১ লক্ষ টাকায় ২,৭৫০/- (দুই হাজার সাতশত পঞ্চাশ) টাকা মুনাফা প্রদেয়। তবে মেয়াদ পূর্তির পূর্বে নগদায়ন করা হলে বছর ভিত্তিক প্রদেয় হারের অতিরিক্ত উত্তোলিত মুনাফা আসল হতে কর্তন করা হবে।
২য় বছর অন্তে	৮.৭৫%	
৩য় বছর অন্তে	৯.৫০%	
৪র্থ বছর অন্তে	১০.২৫%	
৫ম বছর অন্তে	১১.০০%	

২) বিভিন্ন মূল্যমানের সঞ্চয়পত্রের মুনাফার পরিমাণ নিম্নরুপ হবেঃ

বিনিয়োগের পরিমাণ (টাকা)	ত্রৈমাসিক মুনাফার পরিমাণ (টাকা)
(গ) ৫০,০০০/-	১,৩৭৫/-
(ঘ) ১,০০,০০০/-	২,৭৫০/-
(ঙ) ২,০০,০০০/-	৫,৫০০/-
(চ) ৫,০০,০০০/-	১৩,৭৫০/-
(ছ) ১০,০০,০০০/-	২৭,৫০০/-

ত্রৈমাসিক মুনাফা উত্তোলনের পর পাঁচ বছর মেয়াদ শেষে মূল বিনিয়োগকৃত অর্থ ফেরত পাওয়া যাবে।

৩। মেয়াদ পূর্তির পূর্বে সঞ্চয়পত্র নগদায়ন করলে গৃহীত ত্রৈমাসিক মুনাফা কর্তনপূর্বক অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে। ১(এক) লক্ষ টাকার সঞ্চয় পত্র ক্রয় করে মেয়াদ পূর্তির পূর্বে নগদায়ন করলে নিম্নেবর্ণিত অর্থ ফেরত পাওয়া যাবেঃ

<u>ছক</u>

সময় সীমা	তিন মাস অন্তর মুনাফা উঠিয়ে বিনিয়োগকৃত অর্থ ফেরত গ্রহণ করলে প্রাপ্য টাকা
১ম বছর চলাকালীন	১,০০,০০০/- গৃহীত মুনাফা কর্তনযোগ্য
২য় বছর চলাকালীন	১,০৮,০০০-১১০০০= ৯৭,০০০/-
৩য় বছর চলাকালীন	১,১৭,৫০০-২২০০০=৯৫,৫০০/-
৪র্থ বছর চলাকালীন	১,২৮,৫০০-৩৩০০০=৯৫,৫০০/-
৫ম বছর চলাকালীন	১,৪১,০০০-৪৪০০০=৯৭,০০০/-

(গ) পেনশনার সঞ্চয় পত্র স্কীমে একক নামে ৩০,০০,০০০/- (টাকা ত্রিশ লক্ষ) এবং যৌথ নামে ৫০,০০,০০০/- (টাকা ষাট লক্ষ) টাকা বিনিয়োগ করা যাবে।

(ঘ) পেনশনার সঞ্চয় পত্র ক্রয়ের সময় ক্রেতাকে অবশ্যই তার/তাদের জাতীয় পরিচয় পত্র দেখাতে হবে এবং সঞ্চয়পত্র ক্রয় ফর্মে ন্যাশনাল আইডি কার্ডের নম্বর এন্টি করা বাধ্যতামূলক।

৪। <u>The Post Office Savings Bank Rules</u>

ক) যে কোন মেয়াদের জন্য স্বয়ংক্রিয় পুনঃ বিনিয়োগ সুবিধা ১/৭/২০১০ তারিখ হতে রহিত করা হয়েছে। তবে আবেদনের মাধ্যমে পূনঃ বিনিয়োগ করা যাবে । আবেদনের মাধ্যমে পূনঃবিনিয়োগ করা হলে ডাকঘর থেকে পাশ বইয়ে তা লিখিয়ে নিতে হবে ।

খ) মেয়াদী হিসাবে একক নামে ৩০ (ত্রিশ) লক্ষ ও যৌথ নামে ৬০(ষাট) লক্ষ টাকা বিনিয়োগ করা যাবে।

গ) পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ১লা জুলাই ২০১০ হতে মেয়াদী হিসাবে (FD) নিম্নরুপ ভাবে মুনাফার হার প্রজোয্য হবেঃ-

১ বছরের জন্য	৮.০০%
২ বছরের জন্য	৯.০০%
৩ বছরের জন্য	১০.০০%

গ) ৬মাস অন্তর মুনাফা উত্তোলনের ক্ষেত্রে নিম্নরুপভাবে মুনাফার হার প্রজোয্য হবেঃ

১ বছরের জন্য	৭.৫০%
২ বছরের জন্য	৭.৭৫%
৩ বছরের জন্য	৮.০০%

গ) সঞ্চয় ব্যাংক মেয়াদী হিসাব খোলার সময় আবেদনকারীকে অবশ্যই জাতীয় পরিচয়পত্র (National Identity Card) প্রদর্শন করতে হবে এবং আবেদন ফরমে জাতীয় পরিচয়পত্রের নম্বর অন্তর্ভূক্তি বাধ্যতামূলক ।

ঘ) সঞ্চয় ব্যাংকের সুদ/মুনাফা প্রদানকালে ১০% হারে উৎসে আয়কর কর্তন করা হবে। এ বিধান ০১/০৭/২০১০ বা তৎপরবর্তীতে সুদ/মুনাফা প্রদানের ক্ষেত্রে কার্যকর হবে।

৫। পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯ সংশোধন করে নিম্নরুপ করা হয়েছেঃ-

ক) পরিবার সঞ্চয়পত্রে একক নামে সর্বোচ্চ ৩০(ত্রিশ)লক্ষ টাকা পর্যন্ত ক্রয় করা যাবে।

১) পরিবার সঞ্চয়পত্রে মুনাফার হারঃ

নগদায়নের সময়	প্রদেয় মুনাফার হার	মন্তব্য
১ম বছর অন্তে	৮.০০%	পূর্ণ মেয়াদের জন্য প্রতি তিন মাসে প্রতি ১ লক্ষ টাকায় ৯২০/-(নয়শত বিশ) টাকা মুনাফা প্রদেয়। তবে মেয়াদ পূর্তির পূর্বে নগদায়ন করা হলে বছর ভিত্তিক প্রদেয় হারের অতিরিক্ত উত্তোলিত মুনাফা আসল হতে কর্তন করা হবে।
২য় বছর অন্তে	৮.৭৫%	
৩য় বছর অন্তে	৯.৫০%	
৪র্থ বছর অন্তে	১০.২৫%	
৫ম বছর অন্তে	১১.০০%	

১) বিভিন্ন মূল্যমানের পারিবারিক সঞ্চয়পত্রের মুনাফার পরিমাণ নিম্নরুপ হবেঃ

বিনিয়োগের পরিমাণ (টাকা)	মাসিক মুনাফার পরিমাণ (টাকা)
(ক) ১০,০০০/-	৯২/-
(খ) ২০,০০০/-	১৮৪/-
(গ) ৫০,০০০/-	৪৬০/-
(ঘ) ১,০০,০০০/-	৯২০/-
(ঙ) ২,০০,০০০/-	১,৮৪০/-
(চ) ৫,০০,০০০/-	৪,৬০০/-
(ছ) ১০,০০,০০০/-	৯,২০০/-

মাসিক মুনাফা উত্তোলনের পর পাঁচ বছর মেয়াদ শেষে মূল বিনিয়োগকৃত অর্থ ফেরত পাওয়া যাবে।

২) মেয়াদ পূর্তির পূর্বে সঞ্চয়পত্র নগদায়ন করলে গৃহীত মাসিক মুনাফার টাকা বাদ দিয়ে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে। ১০(দশ) হাজার টাকার সঞ্চয়পত্র ক্রয় করে মেয়াদ পূর্তির পূর্বে নগদায়ন করলে নিম্নে বর্ণিত অর্থ ফেরত পাওয়া যাবেঃ

ছক

সময় সীমা	মাসিক মুনাফা উঠিয়ে বিনিয়োগকৃত অর্থ ফেরত গ্রহণ করলে প্রাপ্য টাকা
১ম বছর চলাকালীন	১০,০০০/- গৃহীত মুনাফা কর্তনযোগ্য
২য় বছর চলাকালীন	১০,৮০০-১১০৪= ৯,৬৯৬/-
৩য় বছর চলাকালীন	১১,৭৫০-২২০৮=৯,৫৪২/-
৪র্থ বছর চলাকালীন	১২,৮৫০-৩৩১২=৯,৫৩৮/-
৫ম বছর চলাকালীন	১৪,১০০-৪৪১৬=৯,৬৮৪/-

(৩) পারিবারিক সঞ্চয়পত্র ক্রয়ের সময় জাতীয় পরিচয়পত্র প্রদর্শন এবং ক্রয় ফরমে জাতীয় পরিচয়পত্রের নাম্বর অন্তর্ভূক্তি বাধ্যতামূলক হবে।

(মোঃ সিরাজ উদ্দিন)
পরিচালক (সঞ্চয় ও বীমা)
☏ ৯৫৬০৩০৪